দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN 24 2000 ...
পৃষ্ঠা ... ১৪ কলাম ৭ ...

6

# সম্ভাবনাময় শিক্ষা প্রতিষ্ঠান : পাবনা কলেজ

চারদিকে যখন সন্ত্রাস, দেশের শিক্ষায়তনগুলো যখন রণাঙ্গনে পরিণত কিম্বা ছাত্র রাজনীতির নামে সহিংসতায় দেশের প্রতিষ্ঠানগুলোতে পাঠদানের স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত তখন পাবনা জেলায় গর্ব করার মত সুন্দর পরিবেশে চলছে পাবনা কলেজ। এখানে ছাত্র রাজনীতি নেই, সন্ত্রাস নেই। কলেজের অধ্যক্ষ, অধ্যাপকদের সাথে ছাত্রদের হৃদ্যতাপূর্ণ সম্পর্ক। ছাত্ররা নির্বিঘ্নে কলেজের অধ্যক্ষের কাছে গিয়ে নিজেদের সমস্যা সম্ভাবনার কথা মুক্তকণ্ঠে আলোচনা করছে। পাবনাবাসী এক নামেই জানে এই পাবনা কলেজের কথা। দিবা ও নৈশ বিভাগ চালু রয়েছে এ কলেজে। '৮৩ সালে পাবনার বিশিষ্ট সমাজসেবক বিদ্যানুরাগী প্রাক্তন উপজেলা চেয়ারম্যান মাহাতাব উদ্দীন বিশ্বাস সহযোদ্ধাদের নিয়ে প্রতিষ্ঠা করেছিলেন পাবনা কলেজ। শুরুতে বালিকা বিদ্যালয় ও নৈশ কলেজ নামে এর যাত্রা। শহরের প্রাণকেন্দ্রে একটি ভবন কলেজের নিজস্ব সম্পত্তিতে পরিণত হয়। নৈশ কলেজটি দিবা ও নৈশ কলেজে রূপান্তরিত হয়। কলেজ ফলাফল ভাল হওয়ায় ছাত্রছাত্রীর চাপে কর্তৃপক্ষ প্রভাতী, দিবা ও নৈশ বিভাগ চালু করতে বাধ্য হয়। ধীরে ধীরে কলেজের অবয়ব পরিসর বাড়তে থাকে। স্নাতক পর্যায়ে ছাত্রছাত্রী ভর্তি শুরু হয়। কলেজে ভবনের অভাবে বহু ছাত্রছাত্রীকে ভর্তি করা সম্ভব হচ্ছে না বলে কলেজ অধ্যক্ষ জানালেন। অথচ এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজ এইচএসসি ভর্তি বন্ধ করায় পাবনা কলেজেই ভর্তিচ্ছুদের প্রধান পছন্দ। পাবনা কলেজে ছেলেমেয়ে পড়াচ্ছেন এমন ক'জন অভিভাবকের সাথে কথা বলছিলাম। তাদের মতে, এ কলেজে ছেলেমেয়ে নিশ্চিন্তে থাকেন। পড়ানোর মান ভাল, এখানকার শিক্ষকরা প্রাইভেট পড়ানোর নেশায় মত্ত নন, সর্বোপরি রাজনীতিমুক্ত কলেজ হওয়ায় সন্ত্রাসের আশঙ্কা নেই। প্রতিবছরের ফলাফলেও অভিভাবকগণ সন্তুষ্ট। কলেজের ফলাফল ও সার্বিক কর্মকাণ্ড সন্তোষজনক হওয়ায় '৯১-এ জাতীয় শিক্ষা সপ্তাহে কলেজটি জেলার শ্রেষ্ঠ কলেজ হিসাবে পুরস্কৃত হয়। '৯৬ সালে কলেজটি পরপর দু'বার শ্রেষ্ঠ কলেজ হবার গৌরব অর্জন করে। '৯৭ সালে কলেজ অধ্যক্ষ শ্রেষ্ঠ কলেজ শিক্ষক হবার গৌরব অর্জন করেন। পাবনা কলেজের একটি বড়দিক হল এখানে মেধাবী ও দরিদ্র ছাত্রছাত্রীদের জন্য বিশেষ সুবিধা প্রদান। এছাড়া আর দশটি বেসরকারী কলেজের মত এখানকার ফি অতিরিক্ত নয়। এককথায় পাবনা কলেজ চালু হওয়ার পর পাবনায় দরিদ্র ছাত্রদের উচ্চ শিক্ষার দ্বার উন্মোচিত হয়েছে। এখন পাবনা কলেজের অধ্যক্ষ, অধ্যাপকমণ্ডলী, ছাত্রছাত্রী অভিভাবকসহ পাবনার বিদ্যানুরাগী মহল একটি সুর্য স্বপ্নের দিকে চেয়ে রয়েছে সেটি হল অনার্স ও মাস্টার্স কোর্স চালু।

□ আমিনুল ইসলাম জুয়েল